দৈনিক বাংলা

তারিখ 0 6 JUN 1987
পৃষ্ঠা ... 1 ... কলাম 2 ...
২২ জ্যৈষ্ঠ ১৩৯৪

৫৫০

অন্যান্য ক্ষেত্রেও

## চ্যান্সেলর পুরস্কার দেয়া হবে ঃ মাহবুব

শিক্ষামন্ত্রী জনাব মাহবুবুর রহমান শুক্রবার ঢাকায় ঘোষণা করেন, পাসকোর্স, মাস্টার ডিগ্রী এবং মাদ্রাসা শিক্ষার দাখিল, আলেম, ফাজিল ও কামিল পর্যায়ের শীর্ষস্থান অধিকারী মেধাবী ছাত্রছাত্রীদেরও অদূর ভবিষ্যতে চ্যান্সেলর পুরস্কার দেয়া হবে।

তাছাড়া তিনি জানান আগামী বছর থেকে প্রশংসনীয় কাজের জন্য জেলা, বিভাগ ও বিশ্ববিদ্যালয় পর্যায়ের সেরা শিক্ষকদের চ্যান্সেলর সার্টিফিকেট দেওয়া হবে।

শিক্ষামন্ত্রী শুক্রবার সকালে ঢাকায় ওসমানী মেমোরিয়াল হলে চ্যান্সেলরের পুরস্কার-৮৭ বিত-

(শেষ পৃঃ ১-এর কঃ দ্রঃ)

## মাহবুব

(প্রথম পৃঃ পর)

রণী অনুষ্ঠানে প্রধান অতিথির ভাষণ দিচ্ছিলেন। খবর বাসসর।

তিনি দেশের চারটি মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ডের ১৯৮৫ ও ১৯৮৬ সালের এসএসসি ও এইচএসসি পরীক্ষায় শীর্ষস্থান পাওয়া প্রায় ৪৫০ জন ছাত্রছাত্রীকে চ্যান্সেলর পদক প্রদান করেন।

জনাব মাহবুবুর রহমান শিক্ষা খাতে সরকারের গৃহীত ব্যবস্থা ব্যাখ্যা করে, বলেন, প্রেসিডেন্ট এরশাদের সরকার যেসব ক্ষেত্রে অগ্রাধিকার দিয়েছেন তার মধ্যে শিক্ষা, শিক্ষক ও ছাত্রছাত্রী রয়েছেন। এসব ক্ষেত্রে যত্ন নেওয়া হচ্ছে এবং বিপুল অর্থ ব্যয় করা হচ্ছে।

তিনি প্রেসিডেন্ট এরশাদকে শিক্ষাদীক্ষা, শিল্প ও সংস্কৃতির একজন মহৎ পৃষ্ঠপোষক বলে অভিহিত করে বলেন, গত অর্ধ দশকের সাফল্যের মাধ্যমে প্রেসিডেন্ট এরশাদ নিজেকে বাংলাদেশের একজন মহান সংস্কারক ও শাসকরূপে প্রতিষ্ঠিত করেছেন।

শিক্ষামন্ত্রী উল্লেখ করেন, শিক্ষার ক্ষেত্রে গত পাঁচ বছরে যা কিছু করা হয়েছে অতীতের কোন সরকারই তা করেননি।

প্রসঙ্গত তিনি জানান, সরকার দেশে শিক্ষার আলো ছড়িয়ে দেবার জন্য কয়েকটি বাস্তবধর্মী উচ্চাভিলাষী পরিকল্পনা গ্রহণ করেছেন।

শিক্ষামন্ত্রী উল্লেখ করেন শিক্ষা ব্যবস্থার উন্নতি এবং এই ব্যবস্থাকে অসদুপায় মুক্ত করার উদ্দেশ্যে প্রশাসন, ব্যবস্থাপনা ও পরীক্ষা ব্যবস্থার ক্ষেত্রে বাস্তব ব্যবস্থা গ্রহণ করা হচ্ছে।

এ ব্যাপারে তিনি ছাত্র শিক্ষক, অভিভাবক তথা জনসাধারণের সর্বান্তকরণ সহযোগিতা কামনা করেন।

শিক্ষমন্ত্রী, দলীয় রাজনীতি, হিংসাত্মক ঘটনা, উচ্ছৃংখলতা ও বিশৃংখলা এবং শিক্ষার পরিবেশ ও ছাত্রসমাজের স্বার্থের পরিপন্থী তৎপরতা থেকে শিক্ষাব্যবস্থাকে মুক্ত করার আহ্বান জানান।

অনুষ্ঠানে শিক্ষা উপমন্ত্রী জনাব গোলাম সারওয়ার, শিক্ষা মন্ত্রণালয়ের পদস্থ কর্মকর্তা এবং অভিভাবকরা উপস্থিত ছিলেন।